

## 🗏 আদ-দুখান | Ad-Dukhan | ٱلدُّخَان

আয়াতঃ ৪৪ : ৩৮

আরবি মূল আয়াত:

## وَ مَا خَلَقنَا السَّمٰوٰتِ وَ الأرضَ وَ مَا بَينَهُمَا لَعِبِينَ ﴿٣٨﴾

## 🗚 আনুবাদসমূহ:

আর আমি আসমানসমূহ, যমীন এবং এতদোভয়ের মধ্যে যা কিছু আছে তা খেলাচ্ছলে সৃষ্টি করিনি। — আল-বায়ান আমি আকাশ, যমীন আর এদের মাঝে যা আছে সে সব খেল-তামাশার ফলে সৃষ্টি করিনি। — তাইসিরুল আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং এতদুভয়ের মধ্যস্থিত কোন কিছুই ক্রীড়াচ্ছলে সৃষ্টি করিনি। — মুজিবুর রহমান And We did not create the heavens and earth and that between them in play. — Sahih International

৩৮. আর আমরা আসমানসমূহ, যমীন ও এ দুয়ের মধ্যকার কোন কিছুই খেলার ছলে সৃষ্টি করিনি;

তাফসীরে জাকারিয়া

- (৩৮) আমি আকাশমন্ডলী ও পৃথিবী এবং ওদের মধ্যে কোন কিছুই খেলাচ্ছলে সৃষ্টি করিনি; [1]
  - [1] এই বিষয়টাই ইতিপূর্বে সূরা স্বাদ-এর ২৭নং, সূরা মু'মিনূন ১১৫-১১৬নং এবং সূরা হিজর ৮৫নং ইত্যাদি আয়াতে বর্ণনা করা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4452

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন